চট্টগ্রাম সিটি কর্পোরেশন
জনসংযোগ শাখা
চট্টগ্রাম
মোবাইল নং- ০১৮২৪৪৭৭৬৯৩


শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

(প্রেস বিজ্ঞপ্তি) ১৪ মার্চ'২০২৩খ্রি.

## ১২ কোটি টাকার উন্নয়ন কাজের উদ্বোধন করলেন চসিক মেয়র

চট্টগ্রামের পূর্ব ষোলশহর ও পশ্চিম বাকলিয়া ওয়ার্ডে প্রায় ১২ কোটি টাকার উন্নয়ন কাজের উদ্বোধন করেছেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো রেজাউল করিম চৌধুরী।

আজ মঙ্গলবার সকালে নগরীর ৬নং পূর্ব ষোলশহর ওয়ার্ডের শাহ আমানত সেতু সংযোগ সড়ক সংলগ্ন ইয়াছিন হাজী বাড়ী, এক কিলোমিটার মীর বাড়ির রাস্তাসহ লেইন ও বাইলেইনের উন্নয়ন, হাঁচি শাহ সড়ক আবাসিক এলাকার রাস্তাসহ লেইন ও বাইলেইনের উন্নয়ন এবং পশ্চিম বাকলিয়া ওয়ার্ডস্থ বাকলিয়া সরকারি উচ্চ বিদ্যালয় সড়ক,শালবন আবাসিক এলাকা সড়ক, মোস্তফা বাগ আবাসিক এলাকা সড়ক এবং চান্দ মিয়া মুন্সি সড়ক ও আর সি সি ড্রেনেজের উন্নয়ন কাজের উদ্বোধন করেন মেয়র।

উদ্বোধনকালে আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, প্রধানমন্ত্রী জননেত্রী শেখ হাসিনা প্রদত্ত আড়াই হাজার কোটি টাকার প্রকল্পের অংশ হিসেবে এ সমস্ত উন্নয়ন কাজ করা হচ্ছে। গত ১৪ বছরে ঢাকা, রাজশাহীসহ সমগ্র উত্তরবঙ্গ ও দক্ষিণবঙ্গের চেহারাই পাল্টে গেছে। পাঁচ বছর পর চট্টগ্রামের চেহারাও পাল্টে যাবে। চট্টগ্রামের মিরসরাই এলাকায় যে বঙ্গবন্ধু শিল্প পার্ক করা হচ্ছে তা বাস্তবায়িত হলে ১৫ লক্ষ মানুষের কর্মসংস্থান হবে । এছাড়াও কর্ণফুলীর তলদেশে টানেল নির্মাণ, কক্সবাজার পর্যন্ত রেললাইন স্থাপনের কাজও শেষ পর্যায়ে চলে এসেছে। উন্নত যোগাযোগ ব্যবস্থার কারণে চট্টগ্রাম হবে বিশ্ববাণিজ্যের হাব।

"প্রধানমন্ত্রী শেখ হাসিনার দূরদর্শী নেতৃত্বের কারণে বাংলাদেশ আজ সারা বিশ্বে উন্নয়নের রোল মডেল। করোনা মহামারীতে যখন সারা বিশ্বে উন্নত দেশগুলো হিমশিম খাচ্ছিলো এবং করোনা টিকা মারতে পারেনি তখন বঙ্গবন্ধু কন্যা মানবতার নেত্রী প্রধানমন্ত্রী শেখ হাসিনা বাংলাদেশের মানুষকে বিনামূল্যে টিকা প্রদান ও খাদ্য সহায়তা দিয়েছেন। রাশিয়া - ইউক্রেন যুদ্ধে যখন সারা বিশ্বে দ্রব্য মূল্যের উর্ধ্বগতিতে অর্থনৈতিক অবস্থা টালমাটাল তখন প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে আমরা এখনো ভাল আছি।"

প্রসঙ্গক্রমে তিনি বলেন, সারা বিশ্বে দুইজন নেতা বিশ্ব ব্যাংকের মত মহাজনি সংস্থাকে আঙুল তুলে কথা বলেছেন। এর মধ্যে একজন মিশরের রাষ্ট্রপতি জামাল আবদুল নাছের অন্যজন আমাদের প্রধানমন্ত্রী শেখ হাসিনা। তিনি বিশ্ব ব্যাংককে বলেছেন, তোমাদের টাকা লাগবেনা আমার ষোল কোটি জনগণ আছে। তাদের টাকা দিয়ে পদ্মা সেতু করবো। পদ্মাসেতু আজ বাস্তবে রূপ ধারণ করেছে।

এসময় তিনি নগরবাসীকে গৃহকর নিয়ে আতংকিত না হয়ে আপিল করলে গৃহকর সহনীয় পর্যায়ে নির্ধারণ করে দিবেন বলে ঘোষণা দেন। এছাড়া জলাবদ্ধতা নিরসণে চট্টগ্রাম উন্নয়ন কর্তৃপক্ষের (সিডিএ) প্রকল্পের খাল খনন ও বড় নর্দমা নির্মাণের জন্য যে বাঁধ দেয়া হয়েছে তা দ্রুত সরানোর জন্য সিডিএ'র প্রতি আহ্বান জানান।

কাউন্সিলের শহীদুল আলমের সভাপতিত্বে বক্তব্য রাখেন কাউন্সিলর নূর মোস্তফা টিনু, সংরক্ষিত কাউন্সিলর শাহীন আক্তার রোজী ও চসিক প্রধান প্রকৌশলী রফিকুল ইসলাম। এসময় উপস্থিত ছিলেন কাউন্সিলর এম আশরাফুল আলম, তত্ত্বাবধায়ক প্রকৌশলী মুনিরুল হুদা, নির্বাহী প্রকৌশলী আবু ছিদ্দিক, ফরহাদুল আলম, ওয়ার্ড আওয়ামী লীগ সভাপতি শামসুল আলম, মুক্তিযোদ্ধা মো মুছা, মো.মহসিন, আবদুল হাকিম, সিরাজুল ইসলাম, সরোয়ার আলম ভূইয়া,এম এ হান্নান, আকবর আলী আকাশ,মো.আনোয়ার হোসেন, এম ইলিয়াস, হুমায়ুন কবির, আমীর উদ্দিন, মো.ইদ্রিস, মো.আলমগীর, মো.ইছমাইল, মিনহাজুল আবেদীন সায়েম, ইঞ্জিনিয়ার মফিজুর রহমান, ইয়াছিন টিপু, মুজিবুর রহমান, সমর দাশ প্রমুখ।

## অসহায় নারীদের সেলাই মেশিন উপহার দিলেন চসিক মেয়র

হতদরিদ্র নারীদের কর্মমুখী করতে তাদের হাতে সেলাইর মেশিন তুলে দিলেন চট্টগ্রাম সিটি কর্পোরেশনের (চসিক) মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী।

মঙ্গলবার দুপুরে নগরীর আন্দরকিল্লাস্থ পুরাতন নগর ভবনের কে বি আবদুছ ছত্তার মিলনায়তনে বিশ্ব নারী দিবস উপলক্ষে চসিক নারী ও শিশু উন্নয়ন স্ট্যান্ডিং কমিটির সভাপতি জেসমিন পারভিন জেসীর উদ্যোগে ১৪ জন অসহায় ও দুঃস্থ নারীদের মাঝে সেলাই মেশিন বিতরণ করেন তিনি।

এসময় আলোচনা সভায় প্রধান অতিথির বক্তব্যে মেয়র বলেন, কর্ম মানুষকে আত্মমর্যাদাপূর্ণ পরিচয় দেয়। এজন্য কর্মমুখী জীবন গঠনের মাধ্যমে স্বাচ্ছন্দপূর্ণ জীবন গড়ার জন্য আজকে নারীদের হাতে আমরা সেলাইর মেশিন তুলে দিলাম। আমাদের উপহার হয়তো অতিক্ষুদ্র কিন্তু আমাদের স্বাদিচ্ছা আর স্বপ্নটা অনেক বড়। প্রত্যাশা রাখবো এই সেলাই মেশিনের মাধ্যমে দুঃস্থ নারীরা

আত্মনির্ভরশীল হবেন এবং তাদের পরিবার অর্থনৈতিকভাবে স্বাবলম্বী হবে। এ সময় বিতরণকৃত সেলাই মেশিনগুলো বিক্রি না করার জন্য অনুরোধ জানান তিনি।

নারী জনগোষ্ঠীকে অবহেলা না করে তাদের অর্থনীতির মূল স্রোতধারায় সম্পৃক্ত করতে হবে বলে মন্তব্য করে মেয়র বলেন, সামগ্রিক টেকসই উন্নয়ন বাস্তবায়নে নারী সমাজকে পিছিয়ে রাখলে চলবে না। দরিদ্রতার বলয় থেকে নারীদের বের করে আনতে হবে। নারী তার মেধা ও শ্রম দিয়ে যুগে যুগে সভ্যতার সব অগ্রগতি ও উন্নয়নে সমঅংশীদারিত্ব নিশ্চিত করেছে। সারাবিশ্বে আজ তাই নারীর প্রতি দৃষ্টিভঙ্গি বদলে গেছে। এখন নারীর কাজের মূল্যায়ন হচ্ছে, বাড়ছে স্বীকৃতি। আমরা চাই সমাজের প্রত্যেকটা নারী নিজের পায়ে দাঁড়িয়ে কাজ করুক।

সভায় চসিক প্রধান নির্বাহী কর্মকর্তা শেখ মুহম্মদ তৌহিদুল ইসলামের সভাপতিত্বে বক্তব্য রাখেন প্যানেল মেয়র আফরোজা কালাম, নারী ও শিশু স্ট্যান্ডিং কমিটির সভাপতি সংরক্ষিত নারী কাউন্সিলর জেসমিন পারভীন জেসি। উপস্থিত ছিলেন-কাউন্সিলর পুলক খাস্তগীর, সংরক্ষিত কাউন্সিলর জোবাইরা নার্গিস খান, লুৎফুন্নেছা দোভাষ বেবি, শাহানূর বেগম, নীলু নাগ, তছলিমা বেগম নুরজাহান, শাহীন আক্তার রোজী, রুমকি সেন গুপ্ত, জাহেদা বেগম পপি, হুরে আরা বেগম বিউটি, ফেরদৌসী আকবর, প্রধান শিক্ষা কর্মকর্তা লুৎফুন নাহার বেগম, শিক্ষা কর্মকর্তা উজালা রাণী চাকমা ও উপ-সচিব আশেক রসুল চৌধুরী টিপু।

## স্বাধীনতা রক্ষায় আইনজীবীদের কাজ করার আহ্বান মেয়রের

মহান স্বাধীনতা দিবস উপলক্ষ্যে চট্টগ্রাম জেলা পিপি কার্যালয়ের উদ্যোগে আজ মঙ্গলবার জেলা জজ মিলনায়তনে জেলা পিপি অ্যাডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরীর সভাপতিত্বে এক আলোচনা সভা অনুষ্ঠিত হয় । এতে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম সিটি করপোরেশনের মেয়র বীর মুক্তিযোদ্ধা মো. রেজাউল করিম চৌধুরী। বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন-চট্টগ্রামের সিনিয়র জেলা ও দায়রা জজ জনাব ড. আজিজ আহমেদ ভূঁঞা ও চীফ জুডিসিয়াল ম্যাজিস্ট্রেট আদালত বেগম কামরুন নাহার রুমি। সভায় বক্তব্য রাখেন জেলা পিপি নজমুল আহসান খান আলমগীর, মহানগর পিপি আব্দুর রশীদ প্রমুখ।

প্রধান অতিথির বক্তব্যে সিটি মেয়র মো. রেজাউল করিম চৌধুরী বলেন, বাঙ্গালী জাতি বঙ্গবন্ধুর ৭ই মার্চের ভাষণে উজ্জীবিত হয়ে মহান মুক্তিযুদ্ধে জীবনকে তুচ্ছ করে ঝাঁপিয়ে পড়ে। দেশমাতৃকাকে স্বাধীন করার জন্য বুলেটের সামনে এ জাতি বুক পেতে দিয়েছে, এই জাতি রক্তের বিনিময় স্বাধীনতা অর্জন করেছে। আজও অনেকে দিবাস্বপ্ন দেখে পাকিস্তানী চিন্তা চেতনা লালন করেন, দেশের অস্তিত্ব স্বাধীনতা এবং বর্তমান সরকারের গণতান্ত্রিক পরিবেশকে ধ্বংস করার জন্য জঙ্গিবাদকে লালন করছে। মানুষের ধর্মীয় চেতনাকে উস্কানি দিয়ে উন্মাদনা সৃষ্টি করার সকল ষড়যন্ত্র কে দাঁত ভাঙ্গা জবাব দেয়া হবে। দেশের স্বাধীনতা রক্ষায় আইনজীবীদের কাজ করতে হবে।

"ষড়যন্ত্র-চক্রান্ত করে আসন্ন জাতীয়সংসদ নির্বাচনী পরিবেশকে বানচাল করা যাবেনা। দেশের মানুষ সংবিধান রক্ষায়জাতীয়সংসদ নির্বাচনে অংশগ্রহণ করবে। জননেত্রী শেখ হাসিনার নেতৃত্বে নৌকার বিজয়কে সুনিশ্চিত করবার জন্য সকলকে ঐক্যবদ্ধ থাকার আহ্বান জানান তিনি।"

বিশেষ অতিথি জেলা জজ ড. আজিজ আহমেদ ভূঁঞা বলেন, আইনের শাসন ও ন্যায় বিচার রক্ষায় আমরা কাজ করছি এবং বিচার বিভাগ সম্পূর্ণ স্বাধীন। স্বাধীনতার এই মাসে আবারও আমাদের শপথ নিতে হবে যে মুক্তিযুদ্ধের মাধ্যমে অর্জিত স্বাধীনতা মূল্যবোধ আমরা অক্ষুন্ন রাখব।

সভাপতির ভাষণে জেলা পিপি অ্যাডভোকেট শেখ ইফতেখার সাইমুল চৌধুরী বলেন, স্বাধীনতা এবং সার্বভৌমত্বর প্রতি আঘাতের ষড়যন্ত্রের গন্ধ পাওয়া যাচ্ছে। ষড়যন্ত্র কারীদের রক্তচক্ষু উপড়ে ফেলার জন্য আমাদের কাজ করতে হবে, কোনো অবস্থায় বাঙ্গালী জাতির চেতনার পরিপন্থী কোনো শক্তিকে মাথা চারা দিয়ে দাড়াবার সুযোগ দেয়া হবেনা।

সভায় স্পেশাল পিপি এডভোকেট মেজবাহ উদ্দিন, অশোক দাশ, নজরুল ইসলাম সেন্টু, জিকু বড়ুয়া, খন্দকার আরিফ, আনোয়ার হোসেন আজাদসহ অতিরিক্ত পিপি, সহকারী পিপি ও বিজ্ঞ আইনজীবীগণ উপস্থিত ছিলেন।

স্বাক্ষরিত/-
**(আজিজ আহমদ)**
জনসংযোগ অফিসার কাম প্রটোকল অফিসার
চট্টগ্রাম সিটি কর্পোরেশন।
মোবাইল-০১৮১৯-৯৩০ ৪৮৮